দৈনিক জনকণ্ঠ

# চবিতে শিক্ষার পরিবেশ শান্তিপূর্ণ ॥ উপাচার্য

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** বর্তমান সরকার আমলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। শিক্ষার সুষ্ঠু, নির্বিঘ্ন ও শান্তিপূর্ণ পরিবেশ সমুন্নত রাখতে এবং শিক্ষক-শিক্ষার্থীদের একটি উন্নত সমৃদ্ধ আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিতকরণকল্পে চবি কলা ও মানববিদ্যা অনুষদের জন্য একটি অত্যাধুনিক দৃষ্টিনন্দন ভবনের প্রথম পর্যায়ের কাজ ইতোমধ্যেই সুসম্পন্ন হয়েছে। আরও বেশকিছু প্রকল্প চলমান রয়েছে।

রবিবার চবিতে ৬ষ্ঠ একাডেমি ভবনের (দ্বিতীয় কলা ও মানববিদ্যা) প্রথম পর্যায়ের সমাপ্ত কাজের উদ্বোধনী অনুষ্ঠানে কথাগুলো বলেন উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন কর্মকান্ড আজ সকলের কাছেই সুস্পষ্ট ও দৃশ্যমান। প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর সুদৃষ্টি এবং দিকনির্দেশনার আলোকে সর্বোচ্চ সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে এ বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে। অনুষ্ঠানে চবি কলা ও মানববিদ্যা অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ সেকান্দর চৌধুরী, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. এএফএম আওরঙ্গজেব, সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ, জীব বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. সুলতান আহমেদ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।